

দৈনিক পূর্বকোণ

বৃহস্পতিবার, ২৭ ডিসেম্বর ২০১২

ফ্লাইওভার দুর্ঘটনা নিহত ৯ জনের পরিবারক প্রধানমন্ত্রীর চেক হস্তান্তর

নিজস্ব প্রতিবেদক : বহুদূরহাটে ফ্লাইওভার দুর্ঘটনায় নিহত নয় জনের পরিবারের সদস্যদের হাতে ক্ষতিপূরণের চেক হস্তান্তর করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল বুধবার দুপুরে ভাটিয়ারিস্থ বাংলাদেশ মিলিটারি একাডেমিতে ক্যাডেটদের সমাপনী কুচকাওয়াজ শেষে ক্ষতিগ্রস্ত প্রতি পরিবারের সদস্যদের হাতে প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে তিনি দুই লাখ টাকার চেক হস্তান্তর করেন। চট্টগ্রাম জেলা প্রশাসনের উদ্যোগে এবং চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান আবদুচ ছালামের উপস্থিতিতে, চেক বিতরণ অনুষ্ঠানে প্রতিশ্রুত এই অর্থ প্রদান করা চেক হস্তান্তর অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ডা. আফছারুল আমীন, পরিবেশ প্রতিমন্ত্রী ড. হাছান মাহমুদ, নগর আওয়ামীলীগ সভাপতি এ বি এম মহিউদ্দিন চৌধুরী, সংসদ সদস্য আবুল কাশেম মাস্টার, দক্ষিণ জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোসলেম উদ্দিন প্রমুখ। ক্ষতিপূরণের চেকপ্রাপ্তরা হলেন মনির হোসেন, কাজল কান্তি দে, মো. এনামুল হক, মো. ইলিয়াস প্রকাশ লেদু, চান মিয়া, সিরাজুল ইসলাম, মো. সাজ্জাদ হোসেন, নসু মিয়া, মোশাররফ হোসেন রাসেল।